

সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলাভাষার ব্যবহার শীর্ষক ২য় ব্যাচের প্রশিক্ষণ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৯ থেকে ২৩ জুন ২০১৬ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলাভাষার ব্যবহার শীর্ষক ২য় ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর হতে ঢাকা ও ঢাকার বাইরে থেকে আগত ১৮জন ১ম শ্রেণির কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ইনস্টিটিউটের মহাপরিচালক ও প্রশিক্ষণের কোর্স উপদেষ্টা অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী ১৯ জুন ২০১৬ সকাল ০৯:৩০টায় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন।

সর্বমোট ১৯টি অধিবেশনে বিভক্ত এ প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে : ‘বাংলা বানানের নিয়ম’; ‘বাংলাভাষার উদ্ভব, বিকাশ ও বর্তমান পরিস্থিতি’; ‘সরকারি বিভিন্ন যোগাযোগ প্রক্রিয়া’; ‘জেন্ডার ভাষা’; ‘বাংলা উচ্চারণ ও International Phonetic Alphabet (IPA)-এর ব্যবহার’; সরকারি যোগাযোগ প্রক্রিয়ায় প্রচলিত প্রয়োগ-অপ্রয়োগ’; ‘সারসংক্ষেপ লিখন’; ‘দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার’; ‘ফ্যাক্স, ইমেইল, জিপিই, এসএমএস, সাইবার বার্তা ও অন্যান্য ইলেকট্রনিক্স মাধ্যমে বাংলাভাষার ব্যবহার’; ‘গবেষণাপত্র প্রণয়ন : কৌশল ও পদ্ধতি’; ‘উপযুক্ত বিরামচিহ্নের ব্যবহার’ ইত্যাদি। ইনস্টিটিউটের ফ্যাকাল্টি-সহ ভাষাবিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, বিষয় বিশেষজ্ঞগণ অধিবেশন পরিচালনা করেন। প্রশিক্ষণ কর্মসূচির শেষ দিনে আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়। এর আগে কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রশিক্ষার্থীবৃন্দ তাঁদের অনুভূতি ব্যক্ত করে বলেন, এ প্রশিক্ষণ কোর্সটি বাংলাভাষায় জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক। এছাড়া, বাংলা বানানসহ দাপ্তরিক কাজে বাংলাভাষার যথাযথ ব্যবহার সম্পর্কে এ প্রশিক্ষণে অর্জিত জ্ঞান তাঁরা কর্মক্ষেত্রে প্রয়োগ করতে পারবেন। এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য তাঁরা কর্তৃপক্ষের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

সমাপনী বক্তব্যে মহাপরিচালক বলেন, দাপ্তরিক কাজে বাংলাভাষার যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের বাংলাভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বাংলাভাষার ব্যবহার শীর্ষক একটি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মসূচি শুরু করেছে। ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে নিয়মিত এ প্রশিক্ষণের আয়োজন করা হবে। সনদ প্রদান অনুষ্ঠানে ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন- কোর্স পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব ও পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ); মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব ও পরিচালক (প্রশাসন ও অর্থ); ড. আবুল কালাম মোঃ রফিকুল্লাহ, উপসচিব ও উপপরিচালক (প্রশিক্ষণ ও তথ্য); কোর্স সমন্বয়ক মোঃ আব্দুল ওয়াহেদ, উপসচিব ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ); সহকারী কোর্স সমন্বয়ক মোঃ ইলতেমাস, সহকারী পরিচালক এবং মোহাম্মদ মাহবুবুর রহমান খান, সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)।